

চিত্র 12.6 : আমেরিকা যুক্তরাষ্ট্রের লৌহ-ইস্পাত শিল্প

[4] আমেরিকা যুক্তরাষ্ট্র (U.S.A) : লৌহ-ইস্পাত উৎপাদনে আমেরিকা যুক্তরাষ্ট্র সমগ্র পৃথিবীতে বর্তমানে চতুর্থ স্থান অধিকার করে।

● উৎপাদন কেন্দ্র : এদেশের প্রধান প্রধান লৌহ-ইস্পাত উৎপাদন কেন্দ্রগুলি হল—

(1) পিটসবার্গ-ইয়াংস্টাউন অঞ্চল : এই অঞ্চল আমেরিকা যুক্তরাষ্ট্র তথা সমগ্র পৃথিবীর বৃহত্তম লৌহ-ইস্পাত উৎপাদন কেন্দ্র। এই অঞ্চলের অন্তর্গত লৌহ-ইস্পাত উৎপাদনের প্রধান প্রধান কেন্দ্রগুলি হল— (i) পিটসবার্গ, (ii) আক্রন, (iii) অ্যালেক্সেনি, (iv) ওহিও, (v) ওয়ারেন, (vi) জনস্টাউন, (vii) ইয়ংস্টাউন ইত্যাদি।


(2) হুদ অঞ্চল : অঞ্চলটি আমেরিকা যুক্তরাষ্ট্রের দ্বিতীয় গুরুত্বপূর্ণ

লৌহ-ইস্পাত উৎপাদক অঞ্চল হিসাবে খ্যাত। এখানকার প্রধান প্রধান লৌহ-ইস্পাতের কারখানাগুলি সুপিরিয়র হুদের কাছে ডুলুথে, মিচিগান হুদের কাছে শিকাগো ও গ্যারি অঞ্চলে এবং ইরি হুদের তীরবর্তী অঞ্চল ব্যাফেলা, ক্রিডল্যান্ড, ডেট্রয়েট, লোরেন ইত্যাদি স্থানে গড়ে উঠেছে।

(3) মধ্য আটলান্টিক উপকূল অঞ্চল : অঞ্চলটি মেরিল্যান্ড রাজ্যের বাল্টিমোর থেকে উত্তর ম্যাসচুসেটস পর্যন্ত প্রসারিত। এখানকার উল্লেখযোগ্য লৌহ-ইস্পাত শিল্পের কেন্দ্রগুলি হল বাল্টিমোর, ফিলাডেলফিয়া, স্প্যারোসপয়েন্ট, মরিসভিল, জন্সটাউন ইত্যাদি।

(4) বার্মিংহাম অঞ্চল : আমেরিকা যুক্তরাষ্ট্রের দক্ষিণাংশে আলাবামা রাজ্যে বার্মিংহাম শিল্পাঞ্চলকে বেষ্টিত করে লৌহ-ইস্পাত শিল্প উন্নতলাভ করেছে। এই অঞ্চলের আরও দুটি উল্লেখযোগ্য লৌহ-ইস্পাত শিল্পকেন্দ্র হল হাউসটন এবং ডেকারফিল্ড।

(5) পশ্চিমাঞ্চল : আমেরিকা যুক্তরাষ্ট্রের পশ্চিমাংশে কলোরাডো, ক্যালিফোর্নিয়া, উটা ইত্যাদি রাজ্যে লৌহ-ইস্পাত শিল্পগুলি বিক্ষিপ্তভাবে ছড়িয়ে অবস্থান করছে। এখানকার সানফ্রানসিস্কো, লস এঞ্জেলস, ডেনভার ইত্যাদি স্থানে লৌহ-ইস্পাত কারখানা গড়ে উঠেছে।




চিত্র 12.7 : হুদ শিল্পাঞ্চল

● হুদ অঞ্চলে লৌহ-ইস্পাত শিল্পের উন্নতির কারণ :

(1) লৌহ-আকরিক : সুপিরিয়র হুদের দক্ষিণে মেসাবি, গোজেবিক, মিনোমিনি, ভারমিলিয়ন, মারকোয়েট প্রভৃতি স্থান উৎকৃষ্ট শ্রেণির লৌহ-আকরিকের জন্য বিখ্যাত। দেশের প্রায় 80 শতাংশ লৌহ-আকরিকের জোগান এখান থেকে আসে।

(2) কয়লার প্রাচুর্য : অ্যাপেলেশিয়ান পার্বত্য অঞ্চলের অ্যানথ্রাসাইট ও বিটুমিনাস কয়লা এখানে নিয়ে আসা হয়। পেনসিলভেনিয়ার কারবনডেল, উইলক্সবার, স্ক্রানটন, পটসভিল, হ্যাজেলটন প্রভৃতি খনিগুলি থেকে অ্যানথ্রাসাইট কয়লা পাওয়া যায়। অ্যাপেলেশিয়ানের বিটুমিনাস কয়লা উৎপাদক অঞ্চলগুলির মধ্যে পিটসবার্গ, কানাওয়া, কর্নেলভিল, র্যাভেনসউড থেকে হুদ অঞ্চলে কয়লা জোগান দেওয়া হয়।



চিত্র 12.8 : আমেরিকা যুক্তরাষ্ট্রের লৌহ-ইস্পাত শিল্প

(3) উন্নত পরিবহণ ব্যবস্থা : মিসিসিপি, সেন্ট লরেন্স এবং পাঁচটি হ্রদ একসঙ্গে এখানে নৌ-পরিবহণের ব্যাপক সুযোগ তৈরি করেছে। প্রসঙ্গত, সেন্ট লরেন্স নদীর মধ্য দিয়ে পঞ্চ হ্রদের জলপথ আটলান্টিক মহাসাগরের সঙ্গে যুক্ত। ফলে আটলান্টিক মহাসাগর থেকে সরাসরি জলপথে দেশের অভ্যন্তরে প্রবেশ করা যায়। এই জলপথে লৌহ-আকরিক ও কয়লা আদানপ্রদান করা হয়।

(4) বিদ্যুৎ শক্তির জোগান : হ্রদ অঞ্চলে নায়াগ্রা জনপ্রপাতের অবস্থিতি জনবিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে বিশেষ গুরুত্বপূর্ণ। কানাডায় অবস্থিত কর্নওয়াল, বারসিমিস, কিংসটন, প্রেসকট, আউটারডেস প্রভৃতি জনবিদ্যুৎ কেন্দ্র থেকে প্রচুর বিদ্যুৎ পেনসিলভেনিয়া, ভারসেন্ট ও নিউহ্যামশায়ার অঞ্চলে পাঠানো হয়।

(5) উন্নত পরিষেবা ও বাজার : ব্যাঙ্কিং, বিমা, ওদামজাতকরণ, বিজ্ঞাপন প্রভৃতি পরিষেবা বন্দোবস্ত এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারের অনুকূল প্রভাবে হ্রদ অঞ্চলে বিভিন্ন শিল্পের কেন্দ্রীভবন ঘটেছে।